# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**জনসংযোগ ও প্রকাশনা দপ্তর**

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১


তারিখ: ২৫.১০.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## পাবিপ্রবিতে উচ্চশিক্ষায় আইইএলটিএস বিষয়ে সেমিনার

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা দপ্তরের উদ্যোগে আজ শনিবার (২৫ অক্টোবর) 'হায়ার এডুকেশন ইন অ্যাব্রোড অ্যান্ড আইইএলটিএস প্রিপারেশন' বিষয়ে এক সেমিনার বিশ্ববিদ্যালয়ের কনভেনশন হলে সকাল সাড়ে ১০টায় অনুষ্ঠিত হয়। সেমিনারে চতুর্থ বর্ষ এবং মাস্টার্সের শিক্ষার্থীরা গুগল ফরম পূরণের মাধ্যমে অংশগ্রহণ করেন।

এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। সভাপতিত্ব করেন ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. রাশেদুল হক। রিসোর্স পারসন ছিলেন কানাডার টিচিং অ্যান্ড এডুকেশনাল লিঙ্গুইস্টিকের এমএড এবং কেমব্রিজ সিইএলটিএ সার্টিফায়েডপ্রাপ্ত মো. সজিবুল ইসলাম।

এ বিষয়ে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম শিক্ষার্থীদের বলেন, 'তোমাদের ডেডিকেশন থাকতে হবে এবং পারতে হবে। উচ্চশিক্ষা গ্রহণে বিদেশে যেতে হবে এবং দেশে এসে দেশ গড়ায় অবদান রাখতে হবে। আমরাও পারি; এটা তোমাদের প্রমাণ করতে হবে।'

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, 'বিদেশে যেতে হলে আমাদের ভাষার দক্ষতা দরকার। সারা দুনিয়াতে প্রতিযোগিতা বাড়ছে; সেখানে টিকে থাকতে হলে ইংরেজি ভাষা জানতে হবে। উন্নত দেশে যেতে হলে আইইএলটিএসে ভালো স্কোর পেতে হবে এবং স্কিল ডেভেলপমেন্টের জন্য দ্রুত প্রস্তুতি গ্রহণ করতে হবে। স্কিল ডেভেলপমেন্টের জন্য প্রশাসন থেকে প্রয়োজনীয় ব্যবস্থা আমরা গ্রহণ করব।'

২৫.১০.২০২৫
(মো. বাবুল হোসেন)
উপপরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।